

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন
কোওরামবাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১-২৬৬

তারিখঃ ২৫/০৬/২৩


বিষয়: কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা ২০২২ অনুযায়ী কর্মচারীদের উৎসাহ ভাতা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) কর্মসূচি'র কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা ২০২২ অনুযায়ী কর্মসূচি'র মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীদের প্রতি অর্থ বছর শেষে ঐ আর্থিক বছরে তার অর্জিত আয়ের অংশ হতে বেতনভাতা গ্রহণ ও গ্র্যাচুইটির অর্থ প্রেরণের পর উদ্বৃত্ত অর্জিত আয়ের ৫০% উৎসাহ ভাতা হিসেবে প্রদানের সংস্থান রয়েছে।

২। উল্লেখ্য, আর্থিক বছরে কোন মাঠ সংগঠক/মাঠ সংগঠক এর ন্যায় দায়িত্বপালনকারী কর্মচারীর দায়িত্বাধীন দলের কিস্তি আদায়ের হার (ওটিআর) ন্যূনতম ৮০% ও তার দায়িত্বাধীন দলে কোন মেয়াদোত্তীর্ণ খেলাপী না থাকলে তিনি বর্ণিত উৎসাহ ভাতা প্রাপ্তির জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন। এছাড়া আর্থিক বছরে কোন উপজেলায় কিস্তি আদায়ের হার (ওটিআর) ন্যূনতম ৭০% ও কোন মেয়াদোত্তীর্ণ খেলাপী না থাকলে এআরডিও/এআরডিও এর ন্যায় দায়িত্বপালনকারী কর্মচারী ও হিসাব সহকারী বর্ণিত উৎসাহ ভাতা প্রাপ্তির জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন। সে আলোকে বর্ণিত শর্ত মোতাবেক যে সকল কর্মকর্তা কর্মচারী ২০২২-২৩ অর্থ বছরের কার্যক্রম বাস্তবায়ন বাবদ উৎসাহ ভাতা প্রাপ্তির যোগ্যতা অর্জন করবেন তাদের বিস্তারিত বিবরণ সংযুক্ত ছক অনুযায়ী আগামী ১৫/০৭/২৩ তারিখের মধ্যে কর্মসূচি'র সদর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

২। উল্লেখ্য, কর্মসূচি'র সদর দপ্তর হতে উৎসাহ ভাতা প্রদান সংক্রান্ত নির্দেশনা প্রদানের পর বর্ণিত ভাতা পরিশোধযোগ্য হবে। এছাড়া যে সকল কর্মচারীর বিপরীতে কর্মসূচি সদর দপ্তর হতে বেতনভাতা খাতে সহায়তা প্রদান করা হয়েছে, সে সকল কর্মচারী উৎসাহ ভাতা প্রাপ্তির যোগ্য হিসেবে বিবেচিত হবেন না।

সংযুক্তি: বর্ণনামতে।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বিআরডিবি
উপজেলাঃ-----
জেলাঃ-----

অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. মাঠ সংগঠক/ হিসাব সহকারী/সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ---
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।

২০২২-২৩ অর্থ বছরের কর্মকত্র বাস্তবায়ন বাবদ উৎসাহ ভাতা প্রাপ্তির যোগ্যতা অর্জনকারী কর্মচারীদের তথ্যাদি

উপজেলা:----- জেলা:-----

ক্র.নং	মাঠ সংগঠক/ মাঠ সংগঠকের ন্যায় দায়িত্ব পালনকারীর নাম	২০২২-২৩ অর্থ বছরে ঋণ বিতরণ (লক্ষ টাকায়)	২০২২-২৩ অর্থ বছরে ঋণ আদায় (লক্ষ টাকায়)	কর্মচারীর কর্মকালীন মোয়াদোত্তীর্ণ খেলাপী (লক্ষ টাকায়)	২০২২- ২৩ অর্থ বছরে কিস্তি আদায়ের হার (প্রতিআর) (%)	২০২২-২৩ অর্থ বছরে সেবামূল্য বাবদ অর্জিত আয়ের পরিমাণ (টাকায়)	২০২২-২৩ অর্থ বছরে কর্মচারীর হিসাব অনুযায়ী অর্জিত আয় (টাকায়)	২০২২-২৩ অর্থ বছরে বেতন ভাতা বাবদ ব্যয় (টাকায়)	২০২২-২৩ অর্থ বছরে গ্র্যাটুইটি বাবদ ব্যয় (টাকায়)	২০২২-২৩ অর্থ বছরে উদ্বৃত্ত অর্জিত আয় (টাকায়)
--------	--	---	--	--	--	---	--	---	---	--

ক্র.নং	নাম	পদবী	২০২২-২৩ অর্থ বছরে উপজেলায় মোট ঋণ বিতরণ (লক্ষ টাকায়)	২০২২-২৩ অর্থ বছরে উপজেলায় মোট ঋণ আদায় (লক্ষ টাকায়)	কর্মচারীর কর্মকালীন মোয়াদোত্তীর্ণ খেলাপী (লক্ষ টাকায়)	২০২২-২৩ অর্থ বছরে উপজেলায় মোট কিস্তি আদায়ের হার (প্রতিআর) (%)	২০২২-২৩ অর্থ বছরে উপজেলায় মোট সেবামূল্য বাবদ অর্জিত আয়ের পরিমাণ (টাকায়)	২০২২-২৩ অর্থ বছরে কর্মচারীর হিসাব অনুযায়ী অর্জিত আয় (টাকায়)	২০২২-২৩ অর্থ বছরে বেতন ভাতা বাবদ ব্যয় (টাকায়)	২০২২-২৩ অর্থ বছরে গ্র্যাটুইটি বাবদ ব্যয় (টাকায়)	২০২২-২৩ অর্থ বছরে উদ্বৃত্ত অর্জিত আয় (টাকায়)
১		এআরডিও/ এআরডিও এর ন্যায় দায়িত্ব পালনকারী									
২		হিসাব সহকারী									

হিসাব সহকারী

এআরডিও, ই.বেসপো

ইউআরডিও


২৫/০৬/২৩